



বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (সংশোধিত)
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫।
www.iresppw-brdb.gov.bd/Fax: 8189029.


স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২- ২২২০

তারিখ: ২৭/১০/২০১৪ খ্রিঃ।

বিষয়: বিতরণকৃত ঋণ আদায়।

বিআরডিবি কর্তৃক বাস্তবায়নাধীন “দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প” (সংশোধিত) মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প। প্রকল্পভূক্ত বেশির ভাগ উপজেলায় প্রকল্পের কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হলেও ভোলা জেলার বোরহানউদ্দিন উপজেলায় কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে না। উপজেলায় প্রকল্পের কার্যক্রমে অনিয়মের প্রেক্ষিতে মহাপরিচালক, বিআরডিবি মহোদয় কর্তৃক গঠিত তদন্ত কমিটির দাখিলকৃত তদন্ত প্রতিবেদন পর্যালোচনা করে দেখা যায় উপজেলায় ১৫ (পনের) টি সমিতির মধ্যে বিতরণকৃত ঋণের বেশির ভাগই ডিসেম্বর ২০১৪ মাসে মেয়াদোত্তীর্ণ হওয়ার উপক্রম হয়েছে। প্রকল্পের কাজে দায়িত্বরত সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব ফারহানা আক্তার বিগত ১৭/০২/২০১৪ তারিখে যোগদানের পর হতে তার দায়িত্বে অবহেলা, নিষ্ক্রিয়তার ও সমিতি পর্যায়ে তদারকির অভাবে বিতরণকৃত ঋণ আদায়ে ঐরূপ অনিশ্চয়তা সৃষ্টি হয়েছে। বিতরণকৃত ঋণ মেয়াদোত্তীর্ণ হবার পূর্বেই আদায়ের সর্বাত্মক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো। বিতরণকৃত ঋণ যথাসময়ে আদায় করা না হলে সংশ্লিষ্ট সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) এর বেতন-ভাতা সাময়িকভাবে স্থগিত রাখার নির্দেশ প্রদান করা হলো।

০২। প্রকল্পের স্বার্থে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে ইহা জারি করা হলো।


মোঃ আবুল কালাম
উপ-প্রকল্প পরিচালক (প্রশাসন)
ইরেসপো, বিআরডিবি, ঢাকা।
ফোন নং-০২-৮১৮০১৪৩

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা-বোরহানউদ্দিন
জেলা- ভোলা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৬১.০০.১৪৩.১২ - ২২২০

তারিখ: ২৭/১০/২০১৪ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. উপপরিচালক, বিআরডিবি, ভোলা।
২. জনাব ফারহানা আক্তার, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, উপজেলা-বোরহানউদ্দিন, জেলা-ভোলা।
৩. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
৪. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
৫. অফিস কপি।